

| | | |
|--|---|---|
|  | | |
|  |  |  |
| <p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p> | | |

ঘূর্ণিঝড় “ফনী” পরবর্তী বিশেষ কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ

(০৬/০৫/২০১৯)

(সিরাজগঞ্জ, পাবনা, বগুড়া, রাজশাহী, নাটোর, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, ঝিনাইদহ, ঝালকাঠি, পটুয়াখালী, পিরোজপুর, বরিশাল, ভোলা, বরগুনা, টাঙ্গাইল, রাজবাড়ী, পঞ্চগড়, দিনাজপুর, লালমনিরহাট, নীলফামারী, গাইবান্ধা, ঠাকুরগাঁও, রংপুর, কুড়িগ্রাম, ময়মনসিংহ, কুষ্টিয়া, যশোর, নড়াইল, মাগুরা, মেহেরপুর জেলার জন্য)

বোরো ধানঃ

- ১/ পাকা অবস্থায় হলে পড়া ধান দ্রুত কেটে সংগ্রহ করতে হবে।
- ২/ অপরিপক্ক বোরো ধানের পাঁচ/ ছয়টি গোছা একসঙ্গে বেঁধে দিতে হবে।

আউশ বীজতলাঃ

- ১/ বীজতলা থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা করুন।
- ২/ বীজতলার চারা হলুদ হয়ে গেলে, প্রতি বর্গমিটারে ৭ গ্রাম হারে ইউরিয়া প্রয়োগ করুন।
- ৩/ বীজতলার চারা সবুজ না হলে, প্রতি বর্গমিটারে ১০ গ্রাম হারে জিপসাম প্রয়োগ করুন।
- ৪/ হাত দিয়ে আগাছা পরিষ্কার করুন।
- ৫/ মাঠে ত্রিপস ও সবুজ পাতা ফড়িং পোকাকার উপস্থিতি শতকরা ২৫ ভাগের বেশী থাকলে ম্যালাথিয়ন ১ এমএল / ১ লিটার পানি হারে মিশিয়ে প্রয়োগ করুন।

পাটঃ

- ১/ জমি থেকে পানি নিষ্কাশনের ব্যবস্থা করুন।
- ২/ পানি নিষ্কাশনের পর মাটি শুষ্ক হলে আগাছা পরিষ্কার করুন।
- ৩/ আগাছা পরিষ্কারের পর ইউরিয়া সার উপরিপ্রয়োগ করুন।

শাক-সবজীঃ

- ১/ শাক-সবজী ক্ষেতে পানি জমে থাকলে দ্রুত নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে।
- ২/ ক্ষয়ক্ষতি হলে দ্রুত নতুন করে শাক-সবজীর বীজ বপন করতে হবে।